দৈনিক
ইত্তেফাক

তারিখ ... 10 JUL 2017 ... পৃষ্ঠা ... কলাম ...

# সাভারের শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষক নিয়োগে অনিয়ম!

**■ ইত্তেফাক রিপোর্ট**

মেধার মূল্যায়ন না করে উৎকোচের বিনিময়ে সহকারী প্রধান শিক্ষক নিয়োগের অভিযোগ তুলে মানববন্ধন বিক্ষোভ ও সমাবেশ করেছেন সাভার আমিনবাজারে মিরপুর মফিদ-ই-আম স্কুল এন্ড কলেজের শিক্ষার্থীদের অভিভাবকবৃন্দ।

## প্রতিবাদে অভিভাবকদের মানববন্ধন

গতকাল রবিবার সকালে আমিনবাজার আল আরাফা ইসলামী ব্যাংকের সামনে থেকে একটি বিক্ষোভ মিছিল শুরু হয়ে বাসস্ট্যান্ডে মফিদ-ই-আম উচ্চ বিদ্যালয়ের সামনে গিয়ে শেষ হয়। পরে অভিভাবকগণ মানববন্ধন ও সমাবেশে মিলিত হয়। সমাবেশে বক্তারা বলেন, অবিলম্বে উৎকোচের বিনিময়ে নিয়োগ বাতিল করে যোগ্যতাসম্পন্ন শিক্ষক নিয়োগ দেয়া হোক। তারা বলেন, ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাবেক ছাত্র এবং ঢাকার ধানমন্ডিতে অপর একটি বিদ্যালয়ের সহকারী প্রধান শিক্ষক হিসেবে দীর্ঘদিন চাকরিরত মুসফিকুর রহমান খান লিখিত পরীক্ষায় প্রথম হয়েছেন। তিনি যোগ্য প্রার্থী। কিন্তু ম্যানেজিং কমিটির একটি অংশ টাকার বিনিময়ে কম যোগ্যতাসম্পন্ন সাভারের কোন্ডা উচ্চ বিদ্যালয়ের ধর্মীয় শিক্ষক রবীন্দ্র নাথ দাসের নিয়োগ চূড়ান্ত করেছে। তারা আরো বলেন, ম্যানেজিং কমিটির বিদুৎসাহী সদস্য ও আওয়ামী লীগ নেতা আখিল খন্দকার ও সাবেক শিক্ষা অফিসার সৈয়দ শাহরিয়ার মেনজিসের যোগসাজশে অর্থের বিনিময়ে এ নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন হয়। তবে আখিল খন্দকার এ অভিযোগ সত্য নয় বলে দাবি করেন। এর প্রতিবাদে অভিভাবকগণ একটি স্মারকলিপি প্রতিষ্ঠানের অধ্যক্ষ আবদুল মালেকের নিকট প্রদান করেন। মানববন্ধন ও প্রতিবাদ সমাবেশে অভিভাবকদের মধ্যে উপস্থিত ছিলেন অ্যাডভোকেট লায়ন বশির আহমেদ, ইউনিয়ন মুক্তিযোদ্ধা কমান্ডার শওকত আলী, অ্যাডভোকেট ফরহাদুল হক, কৃষকলীগ নেতা বশির আহমেদ, চানমিয়া মেম্বর, আল বেরুনী প্রমুখ।